ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৪৬

বিলোনীয়া, ২২ অক্টোবর, ২০২৫

**মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের উপর বিলোনীয়ায় কর্মশালা অনুষ্ঠিত**

আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে 'মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান ৮০.' কর্মসূচির উপর এক কর্মশালা ও আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারপারসন নিখিল চন্দ্র গোপ, জেলা শাসক মোঃ সাজ্জাদ পি, বিলোনিয়া মহকুমার মহকুমা শাসক দেবাশিস দাস, দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জ্যোতির্ময় দাস সহ স্বাস্থ্য দপ্তর এবং জেলা ও মহকুমাস্তরের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, আগামী ২৪ অক্টোবর থেকে জেলার বিভিন্ন হেলথ সাব সেন্টার, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে ০ থেকে ১৯ বছর বয়সের শিশু ও কিশোরকিশোরীদের হেলথ নিউট্রিশন-, টিকাকরণের পাশাপাশি বিভিন্ন বিদ্যালয়ে ছাত্র ছাত্রীদের মধ্যে বাল্য বিবাহ প্রতিরোধ ও নেশার কুফল সম্পর্কে সচেতনতামূলক প্রচারাভিযান ও আলোচনসভা করা হবে। এছাড়া আভা কার্ড বিত(আয়ুষ্মান ভারত হেলথ একাউন্ট)রণ ও বিশেষ গ্রামসভাও অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে জেলাভিত্তিক একটি সচেতনতামূলক অনুষ্ঠানও আয়োজিত হবে। আজকের সভায় 'টোবাকো ফ্রি ইয়ুথ ক্যাম্পেইন ৩০.' নিয়েও আলোচনা হয়। এই ক্যাম্পেইন জেলায় গত ১০ অক্টোবর থেকে শুরু হয়েছে এবং ৬০ দিনব্যাপী এই কর্মসূচি চলবে। এই কর্মসূচিতে জেলার বিভিন্ন গ্রাম সহ বিভিন্ন বিদ্যালয়গুলিতে বিশেষ প্রচারাভিযানের মাধ্যমে টোবাকো ফ্রি এলাকা হিসেবে ঘোষণা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এ উপলক্ষ্যে জেলার প্রতিটি ব্লক এলাকায় মানুষকে তামাক জাতীয় দ্রব্যের বিরূপ প্রভাব সম্পর্কে অবহিত করা হবে। এছাড়াও আজকের সভায় টিবি মুক্ত ভারতের উপরও আলোচনা হয়। জেলায় টিবি সনাক্তকরণ সহ মহিলাদের মধ্যে সার্ভাইক্যাল ক্যান্সারের প্রবণতা রুখতে স্ক্রিনিং টেস্ট বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়।

*****